**DIN NO. 02956881**

**Place :** Kolkata
**Date :** 10th February, 2022

# নববারাকপুর পুরসভার ১২ নং ওয়ার্ডে নির্দল এবং তৃণমূলের কঠিন লড়াই




দুরন্তবার্তা, নববারাকপুর, ১১ ফেব্রুয়ারি ঃ মাথার উপর মমতা বন্দ্যোপাধ্যায় -এর ছবি কিন্তু এবার তিনি নির্দল,১১০ দমদম উত্তর বিধানসভার নিউব্যারাকপুর পুরসভার ১২ নম্বর ওয়ার্ডে সবার ফোকাস। নিউব্যারাকপুর পুরসভার ফোকাস এবার ১২ নম্বর ওয়ার্ড, বৃহস্পতিবার রাতে বুধবার নির্দল প্রার্থী হয়ে মনোনয়ন জমা দিয়ে ক্ষোভ উগরে দিলেন সৌমিত্র মজুমদার। বৃহস্পতিবার সন্ধ্যায় দক্ষিণ মাসুন্দা তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন ১২ নং ওয়ার্ডের নির্দল প্রার্থী কাজের মানুষ কাছের জনপ্রতিনিধি সৌমিত্র মজুমদার। ৩৮ সাল থেকে তৃণমূল কংগ্রেসের হয়ে লড়াই চালিয়ে আজ দল তাকে যোগ্য মনে করেননি, তাই প্রার্থী করেনি, ব্যাখ্যা সৌমিত্র মজুমদার এর। বাম আমলেও তৃণমূল কাউন্সিলর ছিলো নাম সৌমিত্র। একসময় ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ছিলেন, তারপর দলই তাকে ২০১৫ সালে ১২ নম্বর ওয়ার্ডে তৃণমূল কংগ্রেসের প্রার্থী করে এবং জয়ী হয়ে কাউন্সিলর হয়, পরবর্তী এই ওয়ার্ডেই ওয়ার্ড কোয়াডিনেটর হিসাবে থেকে মানুষের পরিষেবা দিয়ে চলে, আজ তার পাশে ওয়ার্ডে প্রচুর মানুষ, যার মধ্যে মহিলাদের অংশও বিশাল পরিমানে, সবাই চায় সৌমিত্রকে, তাদের দাবিতেই সৌমিত্র মাথার উপর মমতা বন্দ্যোপাধ্যায় কে নিয়েই দাঁড়িয়ে পরেন নির্দলে। মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর্শে আজও তিনি মানুষের পরিষেবা দিতে এই সিদ্ধান্ত। আগামীদিনে কি হবে সেটা সময় বলবে, তবে সৌমিত্র মজুমদার কিছুটা আবেগপ্রবণ হয়ে পরে দলের এই সিদ্ধান্তে। এখনো দলের তরফ থেকে কেউ যোগাযোগ করেননি, তিনিও কারোর সাথে যোগাযোগ করেননি। নির্বাচনে শেষ কথা বলে জনগণ, তাই জনগণের উপর ভরসা রেখেই তিনি নির্দল হয়ে লড়াইয়ের ময়দানে নেমে পরলেন। এলাকার উন্নয়ন থেকে মানুষের সুবিধা- অসুবিধায় সৌমিত্র মজুমদার ওরফে কালু দা কে সবাই কাছে পেয়েছে,পাশাপাশি নিউব্যারাকপুর ২০টি ওয়ার্ডের মধ্যে একমাত্র ১২ নম্বর সবার নজর,কারণ একমাত্র এই ওয়ার্ডে তৃণমূল কংগ্রেসের প্রার্থী না হয়ে নির্দলের হয়ে প্রার্থী হয়েছেন সৌমিত্র (কালু) মজুমদার। কোন দেওয়াল লিখন নয়, কোন প্রচার নয়, মানুষের কাছে পৌঁছাবেন তার বিগত দিনের কাজের ক্ষতিয়ান নিয়ে। তিনি আশাবাদী জয় নিশ্চিত, আগামী দিনে দল যদি যোগ্য মনে করে আবারও তৃণমূলে ফিরে যেতে পারেন। সৌমিত্র মজুমদার হলেন, নিউব্যারাকপুর পুরসভার প্রাক্তন চেয়ারম্যান তৃপ্তি মজুমদার এর দেওর এবং শহর তৃণমূল কংগ্রেসের সভাপতি সুখেন মজুমদারের ভাই। একসময়ের বামেদের ঘাঁটি নিউব্যারাকপুরে লড়াই চালিয়ে যাওয়া তৃণমূল কংগ্রেসের সৈনিক সৌমিত্র, আজ অযোগ্য। আগামীদিনে কি হবে বা কি ফলাফল হবে তা সময়ই বলবে তবে নিউব্যারাকপুর ১২ নম্বর ওয়ার্ড এই পুরনির্বাচনে সকলের নজর থাকবে তা বলাই যায়, কারণ মানুষ তার সাথেই আছে, কান পাতলেই শোনা যাচ্ছে। যদিও বৃহস্পতিবার গতকালই দমদম ব্যারাকপুর সাংগঠনিক জেলার তৃণমূল কংগ্রেসের সভাপতি পার্থ ভৌমিক বলেছিলেন প্রত্যেক মানুষের ব্যক্তিগত ইচ্ছা থাকতেই পারে প্রার্থী হওয়ার, সেই ইচ্ছা থাকতেই পারে, এটা অন্যায় নয়, কিন্তু দল একটা আসনে একজনকেই প্রার্থী করতে পারবে,হতে পারে সেক্ষেত্রে সে যোগ্য প্রার্থী, তার দুঃখ হতে পারে, কষ্ট হতে পারে, বেদনা হতে পারে, আমি তাদেরকে ব্যক্তিগত ভাবে বলছি, দল সবার উপরে, কেউ হয়তো কাউন্সিলর ছিলো,কিন্তু টিকিট না পেয়ে সে অসম্মান হয়েছে এমনটা না, দলের কাজ করেও অনেক সম্মান পাওয়া যায়। আগামী দিনে এই সমস্যা থাকবে না, সবাই একসাথেই প্রচারে নামবেন বলে জানিয়েছিলেন পার্থ ভৌমিক। নববারাকপুর পুরসভার ২০ টি ওয়ার্ডের মধ্যে সকলের নজরকাড়া ১২ নং ওয়ার্ডের হাড্ডাহাড্ডি লড়াই । শেষ হাসি হাসবে জোড়া পাতা না ঘাস ফুল সময়ের অপেক্ষা।

# পুলিশ ও হ্যাম রেডিওর যৌথ উদ্যোগে নিখোঁজ হওয়ার ৫ দিনের মাথায় উদ্ধার এক তরুণী

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সোনারপুর, ১১ ফেব্রুয়ারি ঃ নিখোঁজ হওয়ার ৫ দিনের মাথায় নরেন্দ্রপুর থানার পুলিশ ও হ্যাম রেডিওর যৌথ উদ্যোগে বারুইপুরের মদারাটের কপিন্দপুরে নিজের বাড়ি ফিরে গেলেন নাসিমা খাতুন নামে এক তরুণী। তাঁর বয়স প্রায় ৩০ বছর। নাসিমার দাদা আমজাদ আলী নরেন্দ্রপুর থানায় এসে বোনকে বাড়িতে ফিরিয়ে নিয়ে যান। ঘটনার শুরু শুক্রবার সকালে। এদিন সকাল ৭ টা নাগাদ নরেন্দ্রপুর থানার গড়িয়ার ঢালাই ব্রীজের কাছে নাসিমাকে দেখতে পাওয়া যায়। শীতের সকালে জলে ভিজে গড়িয়া ঢালাই ব্রীজের ওপর দাঁড়িয়ে ঠকঠক করে কাঁপছিল নিখোঁজ ওই তরুণী। স্থানীয় বাসিন্দা প্রাক্তন সরকারি কর্মী অসীম কুমার মণ্ডল সেই সময় বাইরে বেরিয়ে ছিলেন। তিনি ওই তরুণীকে দেখতে পেয়ে তাঁর সাহায্যে এগিয়ে আসেন। স্থানীয় এক বাসিন্দা ওই তরুণীকে



একটি শুকনো পোশাক পড়তে দেন। অসীমবাবু নিজের বাড়িতে গিয়ে স্ত্রীকে ডেকে আনেন। ওই তরুণীকে নতুন পোশাক পড়ান। খাবার খেতে দেন। এরপরেই তিনি ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব, (হ্যাম রেডিও)- র সম্পাদক অম্বরীষ নাগ বিশ্বাসের সঙ্গে যোগাযোগ করেন। নরেন্দ্রপুর থানার পুলিশকেও জানান। পুলিশ ও হ্যাম রেডিও যৌথ উদ্যোগ নেয় ওই তরুণীর বাড়ির ঠিকানা খুঁজে বের করার। কয়েক ঘন্টার মধ্যেই তা খুঁজে পাওয়া যায়। জানা যায়, ওই তরুণীর নাম নাসিমা খাতুন। তাঁর বাড়ি বারুইপুরের মদারাটে। পুলিশের তরফে তরুণীর বাড়িতে খবর দেওয়া হয়। তাঁর ভাই আমজাদ আলি প্রয়োজনীয় প্রমান নিয়ে নরেন্দ্রপুর থানায় আসেন। উদ্ধার হওয়া নাসিমা খাতুনের দাদা আমজাদ আলি বলেন, গত সোমবার বিকালে আচমকাই নাসিমা বাড়ি থেকে বেরিয়ে গিয়েছিল। একটু মাথার সমস্যা রয়েছে। খোঁজাখুঁজি করছিলাম। এদিন হ্যাম রেডিও এবং পুলিশের সহায়তায় বোনকে ফিরে পেলাম। হ্যাম রেডিওর সম্পাদক অম্বরীষ নাগ বিশ্বাস বলেন, সকালেই ঢালাই ব্রীজের কাছে তরুণীকে পাওয়া গিয়েছিল। পরিবারের খোঁজ নিয়ে তাঁকে পরিবারের হাতে তুলে দেওয়া হলো। পুলিশ ও হ্যাম রেডিওর এই উদ্যোগকে ধন্যবাদ জানান নাসিমার পরিবার।

# ভোটের আগেই অশান্তি লেকটাউনের গোলাঘাটায় উদ্ধার আগ্নেয়াস্ত্র, ধৃত দুই দুষ্কৃতী

দুরন্তবার্তা, কলকাতা, ১১ ফেব্রুয়ারি ঃ শনিবার বিধাননগরে পুরসভার ভোট, তার আগে লেকটাউনের গোলাঘাটায় নাকা তল্লাশির সময় উদ্ধার হল আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি। এই ঘটনায় গ্রেফতার করা হয়েছে দুই দুষ্কৃতীকে। বৃহস্পতিবার রাতে নাকা তল্লাশি চলার সময় দুই বাইক আরোহীকে গ্রেফতার করে লেকটাউন থানার পুলিশ। ধৃত দু'জনেই কাঁকুড়গাছি এলাকার বাসিন্দা। পুলিশ সূত্রে দাবি, ওই দু'জনের কাছ থেকে একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি উদ্ধার হয়েছে। শনিবার বিধাননগর পুরসভার ভোট, তার আগে থেকেই নাকা চেকিং চালাল পুলিশ। গুরুত্বপূর্ণ রাস্তার মোড়ে চলে চেকিং। গত কয়েক সপ্তাহ জুড়ে প্রস্তুতি চলেছে, প্রার্থীরা তাঁদের প্রচার সেরেছেন পুরদস্তুর। এবার ভোটদানের পালা। ভোটের বিধাননগর বরাবরই রাজনৈতিকভাবে উত্তপ্ত। পঞ্চায়েত হোক বা পুরসভা, বিধানসভা - সমস্ত নির্বাচনেই বিধাননগর থেকে একাধিক অশান্তির খবর আসে। অস্ত্রশস্ত্র উদ্ধারও হয়। যার জেরে এবারের পুরভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে কি না, তা আদালতের বিচারাধীন ছিল। যদিও প্রশাসনিক কর্তাদের সঙ্গে আলোচনার পর রাজ্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত নিয়েছে, রাজ্য পুলিশ দিয়েই ভোট হবে। প্রয়োজনে অতিরিক্ত পুলিশ মোতায়েন থাকবে ভোটের দিন। যদিও এবারও ভোটের দিনক্ষণ ঘোষণা হওয়ার পর থেকেই বিরোধীদের মনোনয়নে বাধা-সহ একাধিক অভিযোগ উঠেছে বিধাননগর পুরনিগম এলাকার বিভিন্ন জায়গায়। এর মাঝেই শুক্রবার সকালে নাকা চেকিংয়ের সময়ে অস্ত্রশস্ত্র-সহ লেকটাউন থেকে গ্রেপ্তার হয়েছে ২ জন। তাদের থেকে ৭ এমএম পিস্তল, কার্তুজ, গুলি উদ্ধার হয়েছে। জানা গিয়েছে, তারা কাঁকুড়গাছির বাসিন্দা। ঠিক কী কারণে অস্ত্র নিয়ে তারা এই এলাকায় মজুত করছিল, তা জানার চেষ্টা চলছে। তবে মনে করা হচ্ছে, বিধাননগরে ভোটের দিন অশান্তি পাকানোর জন্যই এই অস্ত্র আমদানি। ২ জনকে জিজ্ঞাসাবাদ করে সমস্ত খুঁটিনাটি জামতে মরিয়া তদন্তকারীরা। অস্ত্র উদ্ধারের ঘটনার পর ওই এলাকায় নিরাপত্তা আরও আটোঁসাটোঁ করেছে পুলিশ। বিধাননগরের প্রতিটি মোড় তো বটেই, প্রবেশ এবং বেরনোর পথে চলছে নাকা চেকিং। শনিবার রাজ্যের আরও ৩ পুরনিগমের সঙ্গে ভোটগ্রহণ হবে বিধাননগরের ৪১ টি ওয়ার্ডে। মনোনয়ন পর্ব থেকেই এখানকার বেশ কয়েকটি ওয়ার্ডে অশান্তির খবর মিলেছে। বিশেষত বিজেপিকে বাধাদানের অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। তাই বিধাননগরের পুরভোট ঘিরে বাড়তি নিরাপত্তা রয়েছে। শুক্রবার থেকেই কড়া নজরদারির চাদরে মোড়া বিধাননগর।

# চন্দননগরে ভোটে কড়া পুলিশী নিরাপত্তা, ১১২ প্রার্থীর ভাগ্য পরীক্ষা

বনস্পতি দে, হুগলি, ১১ ফেব্রুয়ারি ঃ আজ শনিবার চন্দননগর পুরনিগমের ভোট। এই ভোটকে ঘিরে চন্দননগর সেজে উঠেছে এবং বিশেষ করে পরীক্ষা শাসক দল তৃণমূল কংগ্রেস বিজেপি বাম দল ও কংগ্রেসের। করা হয়েছে অনেক হোমওয়ার্ক এদিন চন্দনগর পুরসভার ১১২ জন প্রার্থীর ভাগ্য নিয়ন্ত্রণ হবে শহরের বেশিরভাগ ওয়ার্ডে চতুর্মুখী লড়াই হচ্ছে তিনটি ওয়ার্ডের নির্দল প্রার্থীরাও প্রতিদ্বন্দ্বিতায়। পুরসভার ৩৩ টি ওয়ার্ড এরমধ্যে ৩২ টি ওয়ার্ডে নির্বাচন হচ্ছে একটি ওয়ার্ডে প্রার্থীর মৃত্যুতে নির্বাচন বন্ধ। চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির প্রশাসনের কেন্দ্র হয়েছে । এবার নির্বাচনে তৃণমূল কংগ্রেস ছোট ছোট সভা করেছে বাকিরাও পাল্টা পাল্লা দিয়েছে প্রচারে । তৃণমূল কংগ্রেসের প্রার্থী তথা প্রাক্তন মেয়র রাম চক্রবর্তীর বক্তব্য চন্দননগর জুড়ে উন্নয়নের জোয়ার বইয়ে গিয়েছে সেটা মানুষে চোখে দেখতে পাচ্ছেন শহরের নিকাশি থেকে সব ব্যবস্থার যুগান্তকারী পরিবর্তন হয়েছে পানীয় জল পরিষেবা উন্নত হয়েছে রাস্তাঘাট পার্ক শহরের হাল বদলে গিয়েছে উন্নয়নের জন্য মানুষ আমাদের পাশে থাকবেন। সিপিএমের জেলা সম্পাদক দেবব্রত ঘোষ এর বক্তব্য বাম আমলে মানুষের সর্বাধিক উন্নয়ন হয়েছিল বর্তমানে লোক দেখানো কিছু কাজ ছাড়া কিছুই হয়নি শাসকদলের ফাঁকি আমজনতা ধরে ফেলেছে। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে চন্দননগরের ১৮ টি ওয়ার্ডে চতুর্মুখী প্রতিযোগিতা হচ্ছে ১২ টি ওয়ার্ডে ত্রিমুখী প্রতিযোগিতা। এই ওয়ার্ডগুলিতে তৃণমূল ও বিজেপি প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন এবং বামেরা ১৭ নম্বর ওয়ার্ডের সম্প্রতি বিজেপি প্রার্থী প্রয়াত হয়েছেন সেখানে ভোট স্থগিত রাখা হয়েছে সব প্রস্তুতি সম্পন্ন। শুক্রবার চন্দননগর জুড়ে পুলিশের নাকা চেকিং চলছে এমনকি দিল্লি রোডের দিকেও চলছে নাকা চেকিং। শহরে সর্বত্র পুলিশের গাড়ি টহল দিচ্ছে ভোট কর্মীরা ভোটের মেশিনপত্র নিয়ে বুথে বুথে পৌঁছে গিয়েছেন।

# চুরি যাওয়া এবং হারিয়ে যাওয়া বেশ কিছু মোবাইল উদ্ধার করে মালিকদের হাতে তুলে দিলো বাঁকড়া পুলিশ




দুরন্তবার্তা, হাওড়া, ১১ ফেব্রুয়ারি ঃ বিভিন্ন ঘটনায় হাওড়ার বাঁকড়া ফাঁড়ি এলাকা থেকে মিসিং হয়ে যাওয়া বা চুরি হওয়া বেশ মোবাইল ফোন উদ্ধার করে যাচাইয়ের পর সেই সব ফোন তাদের আসল মালিকদের হাতে তুলে দেওয়া হলো। হাওড়া সিটি পুলিশের ফিরে পাওয়া প্রকল্পের অধীনে শুক্রবার দুপুরে বাঁকড়া ফাঁড়ির নবনির্মিত ভবনে ওই কর্মসূচি নেওয়া হয়। মূলত রাস্তায় বেরিয়ে ফোন হারিয়ে যাওয়ার মতো ঘটনা আকচার ঘটেই থাকে। এইসব ফোন উদ্ধার করে যাচাইয়ের পর সেই ফোনগুলো পুলিশের তরফ থেকে এদিন তাদের আসল মালিকদের হাতে তুলে দেওয়া হয়। এদিন হাওড়া সিটি পুলিশের এসিপি সাউথ-১ অতীশ বিশ্বাস, ডোমজুড় থানার আইসি শুভ্রজিত মজুমদার সহ বাঁকড়া ফাঁড়ির ওসি অংশুমান চক্রবর্তীর উপস্থিতিতে মোট ১৬ জনের হাতে তাঁদের হারিয়ে যাওয়া ফোন তুলে দেওয়া হয়। উল্লেখ্য, হাওড়া সিটি পুলিশের অধীন বিভিন্ন থানাতেই বছরভর ফিরে পাওয়া প্রকল্পের অধীনে এরকম উদ্যোগ নেওয়া হয়ে থাকে। মিসিং ফোন বা চুরি যাওয়া ফোন উদ্ধার করে আসল মালিকদের হাতে সেগুলো তুলে দেওয়া হয়।

# রূপনারায়ন নদীর চড়ে ভেসে এলো অজ্ঞাত পরিচয়ের ব্যক্তির মৃতদেহ

দুরন্তবার্তা, উলুবেড়িয়া, ১১ ফেব্রুয়ারি ঃ এক অজ্ঞাত পরিচয়ের ব্যক্তির মৃতদেহ ভেসে এলো নদীর চড়ে। যার জেরে উত্তেজনা ছড়িয়ে পড়লো এলাকায়। ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে হাওড়ার শ্যামপুর দু নম্বর ব্লকের শ্যামপুর দু নম্বর পঞ্চায়েতের রূপনারায়ণ নদীর ডিহি মন্ডল ঘাটে। পুলিশ ও স্থানীয় সূত্র মারফত জানা গিয়েছে, এদিন সকালে রূপনারায়ণ নদীর ভিহি মন্ডল ঘাটে ওই অজ্ঞাত পরিচয়ের ব্যক্তির মৃতদেহ ভাসতে



দেখেন স্থানীয় বাসিন্দারা। সঙ্গে সঙ্গে মৃতদেহটি দেখার জন্য সাধারণ মানুষের ভীড় জমে যায়। খবর দেওয়া হয় শ্যামপুর থানাকে। খবর পেয়ে পুলিশ মৃতদেহটি উদ্ধার করে হাওড়ার উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে মর্গে নিয়ে আসে ময়নাতদন্তের জন্য। আরও জানা গিয়েছে মৃতদেহটি এক ব্যক্তির। বয়স আনুমানিক চল্লিশ থেকে পঁয়তাল্লিশ বছরের মধ্যে। পড়েন ছিল গেঞ্জি ও ফুলপ্যান্ট। ইতিমধ্যেই শ্যামপুর থানার পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে। অন্যান্য থানাকে পুলিশ খবর দিয়েছে। মৃতদেহটি জোয়ারের জলে এখনও ভেসে এসেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান। কেউ কি তাঁকে মেরে নদীতে ফেলে দিয়েছে ? কিংবা ওই ব্যক্তি কি আত্মহত্যা করেছে ? তা জানতে পুলিশ তদন্ত শুরু করেছে। ইতিমধ্যেই সমস্ত থানায় খবর দেওয়া হয়েছে যে কোথাও কোনও মিশিং ডায়েরি করা আছে কিনা।

# আপাতত শীতের বিদায় নয়, দক্ষিণবঙ্গে আরও কিছু দিন থাকবে ঠাণ্ডা

দুরন্তবার্তা, কলকাতা, ১১ ফেব্রুয়ারি ঃ কলকাতা-সহ দক্ষিণবঙ্গ থেকে এখনই বিদায় নিচ্ছে না শীত, আরও কিছু দিন বজায় থাকবে ঠান্ডা। তবে, জম্পেশ ঠাণ্ডা আর উপভোগ করা হবে না। কলকাতা ও জেলায় ফের কমবে তাপমাত্রার পারদ, মেঘাচ্ছন্ন আকাশে শুক্রবার সকালেও হালকা শীত অনুভূত হয়েছে। আবহবিদরা জানিয়েছেন, আগামী দুই থেকে তিন দিনে তাপমাত্রা আরও কিছুটা কমতে পারে। সকালের দিকে কুয়াশা থাকলেও বেলার দিকে পরিস্কার থাকবে আকাশ। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। এদিন সকাল থেকেই কলকাতা ও বিভিন্ন জেলার আকাশ ছিল মেঘে ঢাকা। মাঝেমধ্যেই রোদও উঠেছিল। বৃষ্টি কাটার পর আবার শীতের আমেজ ফিরবে বলে জানিয়েছেন আবহবিদরা।


# স্টেট ব্যাঙ্কের গ্রাহকের অ্যাকাউন্ট থেকে উধাও ৮ লক্ষ টাকা

দুরন্তবার্তা, নদীয়া, ১১ ফেব্রুয়ারি ঃ এবার রানাঘাট স্টেট ব্যাংকের এক গ্রাহকের NRI সেভিংস একাউন্ট থেকে উধাও হয়ে গেলো প্রায় ৮ লক্ষ টাকা। সূত্রের খবর, নদীয়ার ধানতলা থানার কামালপুর পূর্ব ন পাড়া এলাকার বাসিন্দা গৃহবধূ আশালতা রায়ের বিদেশে কর্মরত স্বামী স্টেট ব্যাংকের রানাঘাট শাখায় থাকা এনআরআই সেভিংস একাউন্টে প্রত্যেক মাসে তার মাইনের টাকা পাঠাত। অভিযোগ, মঙ্গলবার আশালতা রায় ব্যাংকে গিয়ে তার পাসবই আপডেট করলে দেখতে পায় তার একাউন্ট থেকে প্রায় ৮ লক্ষ টাকা লোপাট হয়ে গেছে। অভিযোগ এই বিষয়ে ওই গৃহবধূ প্রথমে ব্যাংকের ম্যানেজার কে বিষয়টি জানালে ব্যাংকের তরফে কোনো সাহায্য করা হয়নি। আর এর পরই রানাঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করেন ওই গৃহবধূ। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে রানাঘাট পুলিশ।

# নববারাকপুরে ট্রেনের ধাক্কায় মৃত্যু পঞ্চাশ বছরের বাসিন্দা

দুরন্তবার্তা, নববারাকপুর, ১১ ফেব্রুয়ারি ঃ শুক্রবার দুপুরে বিড়ি কিনে রেল লাইন পার হতে গিয়ে নববারাকপুরে পুরনো মাংস কাটা গলির সামনে ডাউন হাসনাবাদ গ্যালপিন লোকাল ট্রেনের ধাক্কায় মৃত্যু হল পঞ্চাশ বছরের স্থানীয় বাসিন্দার। নিউ ব্যারাকপুর স্টেশনে ট্রেনের ধাক্কায় মৃত্যু হল বছর পঞ্চাশের গৌতম হাজরা নামে এক স্থানীয় বাসিন্দার। প্রত্যক্ষদর্শী জানান এই ব্যক্তি চা খাওযার পরে বিড়ি কিনতে যাচ্ছিল তখনই ১.৪০ শিয়ালদহ ডাউন গ্যালপিন হাসনাবাদ ট্রেন তাকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় ওই ব্যক্তির। সঙ্গে সঙ্গে স্থানীয় বাসিন্দারা বারাসত জিআরপি কে খবর দেয়। তড়িঘড়ি জিআরপি ঘটনাস্থলে এসে মৃত দেহ ময়নাতদন্তের জন্য তুলে নিয়ে যাওয়ার ব্যবস্থা করে। তা নিয়ে এলাকায় যথেষ্ট চাঞ্চল্য ছড়ায়। গৌতম হাজরার বাড়ি নববারাকপুর পুরসভার তিন নম্বর ওয়ার্ডের স্টেশন পূর্ব রোডে। বাবা ডাঃ অরুন কুমার হাজরা। বিশিষ্ট স্ত্রী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক। তার দুই ছেলে। গৌতম বড় ছেলে। ডাক না বাবু। শারীরিকভাবে অসুস্থ । ঘাড় কুজো। নার্ভের সমস্যা আছে বলে জানা গিযেছে। বিবাহিত। স্ত্রী ও একটি পুত্র সন্তান রয়েছে গৌতমের। পেশায় নিজস্ব ঔষধের দোকান ছিল। পরে গিফট এর দোকান করে। ছেলের মর্মান্তিক মৃত্যু সংবাদে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে নববারাকপুরে।

# মদন মিত্রকে শো কজের ভাবনা তৃণমূলের



দুরন্তবার্তা, কলকাতা, ১১ ফেব্রুয়ারি ঃ কখনও ফেসবুক লাইভে, কখনও সংবাদমাধ্যমে গত কয়েকদিন ধরে একের পর এক বোমা ফাটাচ্ছেন তৃণমূলের 'কালারফুল' বিধায়ক মদন মিত্র। দলের প্রথম সারির নেতাদের একাংশের বিরুদ্ধে কার্যত ধেয়ে আসছে সেইসব মদন-বাণ! সূত্রের খবর, কামারহাটির বিধায়ক মদন মিত্রের এই ভূমিকায় খুশি নয় দল। তাঁর বিরুদ্ধে কড়া পদক্ষেপ করার ভাবনাচিন্তা করা হচ্ছে। শোনা যাচ্ছে, কারণ দর্শানোর নোটিস ধরানো হতে চলেছে মদন মিত্রকে। সম্প্রতি এক অনুষ্ঠানে গিয়ে মদন মিত্র বলেছিলেন, আমার তো অভিষেকের মুখটা খুব ভাল লাগে। এই দলে মমতাদির পর অভিষেকের মুখ ছাড়া আর তো কারও মুখ আমার অত ভাল লাগে না। কেউ গোটা, কেউ মোটা, কেউ সোটা ভাল লাগে না। সূত্রের খবর, দলের নেতাদের বিরুদ্ধে এইভাবে 'কাদা ছোঁড়া' ভালভাবে নিচ্ছে না দলীয় নেতৃত্বই। সে কারণেই 'বেপরোয়া' মদনকে শো কজ করা হচ্ছে। এ প্রসঙ্গে অবশ্য মদন মিত্র জানিয়েছেন, দল শো কজ করলে তিনি তাঁর জবাবও দেবেন। পুরভোটের প্রার্থী তালিকা নিয়ে শুরু থেকেই তৃণমূলের অন্দরে নানা ক্ষোভ বিক্ষোভ দেখা যায়। কামারহাটির প্রার্থী তালিকা নিয়ে সরব হন খোদ এলাকার বিধায়ক। মদনের দাবি, তাঁকে না জানিয়ে প্রার্থী তালিকা ঠিক করা হয়েছে। যা খুবই অসম্মানের। এ নিয়ে দলীয় সাংসদ সৌগত রায়ের বিরুদ্ধে প্রকাশ্যেও কথা বলেন তিনি। প্রথম থেকেই তৃণমূলের তরফে জানানো হয়েছিল, এ ধরনের মন্তব্যে দল নজর রাখছে। প্রয়োজনমতো রাশ ধরবে। এরইমধ্যে বৃহস্পতিবার মদন মিত্র বর্ধমানে ভোট প্রচারে গিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের প্রতি তাঁর আবেগের বহর বোঝাতে দলের বাকি নেতাদের চেহারা নিয়ে যেভাবে কথা বলেন তা একজন জননেতার পক্ষে কখনওই শোভন নয় বলেই দলের একাংশের মত। বিষয়টি শুধু শোভনীয়তার সীমা লঙ্ঘন করেছে তেমনটাই নয়, দলের শৃঙ্খলা ভাঙারও সামিল বলেই মনে করছে দল। সূত্রের খবর, শৃঙ্খলা রক্ষা কমিটি এই নিয়ে মদনের কাছে কৈফিয়ত তলব করতে পারে। এই প্রসঙ্গে মদন মিত্র বলেন, যদি শো কজ করে তার উত্তর দেব। কী হয়েছে না হয়েছে, কী হতে পারে তার উপর আমার কিছু বলা ঠিক নয়। যা বলার পার্টির মধ্যে বলব। এখন আর কোথায় যাব। এখন তো মরা ছাড়া আর কোনও উপায় নেই। বয়স হয়ে গিয়েছে। তা হলে মরে যেতে হয়। আর শো কজ মানে তো তুমি ওখানে কেন গিয়েছিল এরকম কিছু উত্তর জানতে চাওয়া। জানিয়ে দেব। তবে এ নিয়ে আমি কিছু জানি না। তাই বলা ঠিক নয়।

# লোকাল ট্রেনের কামরায় করোনা বিধির পাশাপাশি রবীন্দ্র সংগীত পরিবেশন করা হচ্ছে

দুরন্তবার্তা, জয়নগর, ১১ ফেব্রুয়ারি ঃ এক অভিনব ভাবনা রেল দফতরের। এখন শিয়ালদহগামী লোকাল ট্রেনের কামরায় রবীন্দ্রসঙ্গীত থামতেই শুরু হচ্ছে যান্ত্রিক গলায় ঘোষণা। বক্তব্য, যাত্রীরা যেন বিশেষ প্রয়োজন ছাড়া ট্রেনে যাত্রা না-করেন। নিতান্তই যেতে হলে করোনা-বিধি কঠোর ভাবে অনুসরণ করে তবেই যেন স্টেশন চত্বরে আসেন। ট্রেনেও মাস্ক পরা ও দূরত্ব বিধি বজায় রাখা বাধ্যতামূলক। ঘোষণা শেষ হওয়ার পর ফের গান বেজে উঠছে কামরায়।যাত্রীদের মন-মেজাজ ভালো রাখতে এখন লোকাল ট্রেনে উঠলেই প্রতি কামরায় রবীন্দ্রসঙ্গীত এবং নানা যন্ত্রসঙ্গীত শোনানোর ব্যবস্থা করা হয়েছে। আর সেই মিউজিক সিস্টেমই এখন পাবলিক অ্যাড্রেস সিস্টেম হয়ে শোনাচ্ছে করোনা সংক্রান্ত সচেতনতা। স্টেশন চত্বরেও একই ঘোষণা চলছে নিয়মিত। পূর্বরেলের মুখ্য জনসংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী বলেন, 'আমরা এই কঠিন অবস্থার মধ্যেও পরিষেবা যথাযথ রাখার চেষ্টা চালিয়ে যাচ্ছি।' দক্ষিণ-পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক সঞ্জয় ঘোষ বলছেন, 'প্রতি স্টেশনে ও প্ল্যাটফর্মে যথাযথ করোনা-বিধি মেনে চলার জন্য যাত্রী ও রেলকর্মী উভয়ের উদ্দেশ্যেই ঘোষণা চলছে। আর রেলের তরফে এই ঘোষণাকে স্বাগত জানিয়েছেন রেল যাত্রীরা।

# ইলেক্ট্রিক ট্রান্সফর্মার বসানোকে কেন্দ্র করে বিবাদ, মহিলা ও তার মেয়েদের মারধর পঞ্চায়েত সদস্য ও তার দলের

দুরন্তবার্তা, মালদা, ১১ ফেব্রুয়ারি ঃ ইলেক্ট্রিক ট্রান্সফর্মার বসানোকে কেন্দ্র করে বিবাদের জেরে মহিলা ও তার দুই মেয়েকে প্রকাশ্যে হেনস্তা ও মারধর করার অভিযোগ উঠল স্থানীয় পঞ্চায়েত সদস্য ও তার দলের বিরুদ্ধে। গুরুতর জখম অবস্থায় ওই মহিলা বর্তমানে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। মালদার ইংরেজবাজার থানার নিয়ামতপুর আমগাছি গ্রামে ঘটনাটি ঘটেছে। ঘটনায় অভিযুক্ত পঞ্চায়েত মেম্বার ও তার দলবলের বিরুদ্ধে মিলকি পুলিশ ফাঁড়িতে অভিযোগ দায়ের করেছে মহিলার পরিবার। ঘটনাকে কেন্দ্র করে এদিন ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে গোটা এলাকা জুড়ে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে যখন মহিলার নাম সলিনা বিবি (৩৬), স্বামী জুমরাতি সবজি। পেশায় শ্রমিক। জানা গেছে স্থানীয় পঞ্চায়েত মেম্বার সাইরুদ্দিন সবজির বাড়ির সামনে ইলেকট্রিক ট্রান্সফর্মার রয়েছে। বাড়ির সামনে ইলেকট্রিক ট্রান্সফর্মার থাকায় বাড়ির সৌন্দর্য্য নষ্ট হচ্ছে, এমনকি বাড়ির সামনে ইলেকট্রিক ট্রান্সফর্মার থাকায় বাড়ির সামনের অংশের নানান সমস্যা হচ্ছে। তাই ক্ষমতাবলে নিজের বাড়ির সামনে থেকে ট্রান্সফর্মার অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়ার ছক কষেন। প্রতিবেশী জুমরাতি সবজির বাড়ির সামনে পূর্ত দপ্তরের জায়গায় ট্রান্সফর্মার বসানো চেষ্টা করেন। সেখানে পূর্ত দপ্তরের জায়গায় জুমরাতি সবজির একটি ফলের দোকান রয়েছে। সেই ফলের দোকান ভেঙে বাহুবলে ইলেকট্রিক ট্রান্সফর্মার বসানোর চেষ্টা করে। এতেই বাধা দিতে যায় জুমরাতি সবজি ও তার পরিবারের লোকেরা। অভিযোগ স্থানীয় পঞ্চায়েত সদস্য ও তার দলবল জুমরাতি সবজিকে বেঁধে রাখেন। এতেই বাধা দিতে যায় তার স্ত্রী ও দুই মেয়ে। অভিযুক্তরা প্রকাশ্যে ওই মহিলা ও তার দুই মেয়েকে ব্যাপক মারধর করে বলে অভিযোগ। এমনকি গ্রাম থেকে তাড়িয়ে দেওয়ার নিদান দেন। পরে প্রতিবেশীদের সাহায্যে মহিলাসহ তার পরিবারের সকলকে উদ্ধার করে স্থানীয় মিল্কি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর মহিলাকে মালদা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। বর্তমানে সেখানে চিকিৎসাধীন রয়েছেন তিনি। পরিবারের পক্ষ থেকে পঞ্চায়েত সদস্য ও তার দলবলের বিরুদ্ধে মিল্কি পুলিশ ফাঁড়িতে একটি অভিযোগ দায়ের করা হয়েছে। নিগৃহীত পরিবারের লোকেদের অভিযোগ, দীর্ঘদিন ধরেই পঞ্চায়েত সদস্য ও তার দলবল তাদের বাড়ির সামনে ট্রান্সফর্মার বসানোর চেষ্টা করছে। এর আগেও একবার বাধা দেয় । থানায় অভিযোগ জানালে পুলিশ সেখানে ট্রান্সফর্মার বসাতে বারণ করে। কিন্তু আবারও বাহুবলে সেখানে ট্রান্সফর্মার বসানোর চেষ্টা করে অভিযুক্তরা। সালিনা বিবি বলেন, আমার বাড়ির সামনে দোকান ভেঙে পঞ্চায়েত সদস্য ও তার দলবল ইলেকট্রিক ট্রান্সফর্মার বসানোর চেষ্টা করছে। সেটাতেই আমি আমার স্বামী বাধা দিতে যাই। আমাকে রাস্তায় হেনস্থা ও মারধর করে আমার স্বামীকে বেঁধে রাখে। গ্রাম থেকে তাড়িয়ে দেয় আমাদের। এই বিষয়ে আমরা মিলকি পুলিশ ফাঁড়িতে একটি অভিযোগ দায়ের করেছে। আমি দোষীদের শাস্তি চাই।

# গ্রামীন ব্যাঙ্কের সরকারি পেনশন যোজনার প্রচার কর্মসূচী

দুরন্তবার্তা, পূর্ব বর্ধমান, ১১ ফেব্রুয়ারি ঃ পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্কের পরিচালনায় সমাজের সর্বস্তরের মানুষদের পেনশনের আওতায় নিয়ে আসতে কেন্দ্র সরকারের অটল পেনসন যোজনার সর্বাত্মক প্রচার কর্মসূচীর আয়োজন করা হল শুক্রবার। বর্ধমান লায়ন্স ক্লাবে আয়োজিত ওই কর্মসূচীতে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান পার্থ প্রতীম সেন, ব্যাঙ্কের রিজিওনাল ম্যানেজার সুব্রত বিশ্বাস। ব্যাঙ্কের রিজিওনাল ম্যানেজার সুব্রত বিশ্বাস জানান, ভারতের অসংগঠিত ক্ষেত্রে প্রচুর মানুষ রয়েছে যাদের প্রত্যেককে পেনসনের আওতায় নিয়ে আসার জন্য কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্নভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। অন্যান্য ব্যাঙ্কগুলির সাথে সাথে পশ্চিমবঙ্গ গ্রামীন ব্যাঙ্কও সরকারের এই উদ্যোগকে এগিয়ে নিয়ে যেতে বিভিন্ন ভাবে কাজ করে চলেছে। ব্যাঙ্কের চেয়ারম্যান পার্থ প্রতিম সেন জানান, গ্রামীন অর্থনীতি চাঙ্গা করতে পশ্চিমবঙ্গ গ্রামীন ব্যাঙ্ক পশ্চিমবঙ্গের হাওড়া, হুগলি, বীরভূম পূর্ব ও পশ্চিম বর্ধমান এই ৫ টি জেলায় ২৩০ টি শাখার মাধ্যমে সমস্তরকম ব্যাঙ্কিং পরিষেবা দিয়ে আসছে। ব্যাঙ্কের পক্ষ থেকে সরকারী বীমা, পেনসন সহ বিভিন্ন কমার্শিয়াল ব্যাঙ্কের মত সমস্ত ধরনের ঋণ প্রদান করে আসছে। সমাজের সকলস্তরের মানুষদের ভবিষ্য সুরক্ষিত করতে এই ব্যাঙ্কের মাধ্যমে পিএফআরডিএ পরিচালিত কেন্দ্রীয় সরকারের অটল পেনসন যোজনার প্রচার চালানো হচ্ছে। গ্রামীন ব্যাঙ্কের ব্যাঙ্ক সখি, ব্যাঙ্ক মিত্র সহ বিভিন্ন প্রতিনিধিরা বিভিন্ন এলাকায় ঘুরে ঘুরে সাধারন মানুষকে ওই পেনসন যোজনাটি গ্রহন করার জন্য উদ্বুদ্ধ করে যাচ্ছে। ব্যাঙ্কের পক্ষ থেকে ২৩০ টি শাখা মিলে ইতিমধ্যে প্রায় ৫০ হাজারের বেশী মানুষকে অটল পেনসন যোজনার আওতায় নিয়ে এসেছে যা খুবই ইতিবাচক।

**REGENCY TRUST LIMITED**
CIN: L27109WB1988PLC045119
**Reg. Office:** 39 R B C Road, Ground Floor, Near DumDum Central Jail, Kolkata - 700028
**Corp Office:** G-10, Harmony, 3rd Cross Lane Lokhandwala Complex, Andheri West, Mumbai - 400053
Website: www.regencytrust.co.in | Email ID: rtltd2011@gmail.com

**EXTRACT OF UNAUDITED STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED DECEMBER 31, 2021**

(₹ in Lakhs)

| Sr. No. | Particulars | Quarter ended 31-Dec-21 Unaudited | Nine Months ended 31-Dec-21 Unaudited | Quarter ended 31-Dec-20 unaudited |
|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 43.50 | 103.20 | 10.00 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | -4.09 | 3.11 | 0.11 |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items#) | -4.09 | 3.11 | 0.11 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#) | -4.09 | -0.31 | 0.11 |
| 5 | Total Comprehensive Income for the period (after tax) | -4.09 | 1.47 | 0.11 |
| 6 | Equity Share Capital ( Face Value of Re. 1/- each) | 100.00 | 100.00 | 100.00 |
| 7 | Earnings Per Share (of Re. 1/- each) (for continuing and discontinued operations) - | | | |
| | 1. Basic : | 0.00 | 0.01 | 0.00 |
| | 2. Diluted : | 0.00 | 0.01 | 0.00 |

**Notes:**
a. The above Results have been reviewed by the Audit Committee and taken on Record by the Board of Directors at its meeting held today
b. The Segment wise details are not applicable to the Company as the Company has no segments.
c. The result is provisional and unaudited and subject to change, regrouping and restatement.
d. The above is an extract of the detailed format of Standalone Financial Results for the quarter ended December 31, 2021, filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Standalone Financial Results for the quarter ended December 31, 2021 are available on the websites of BSE (www.bseindia.com) and Company's website (www.regencytrust.co.in)

For Regency Trust Limited
sd/-
Rajesh Kapoor
Director (Finance) & CFO
DIN: 02757121

Date : February 10, 2022
Place : Mumbai